



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
ভৌত অবকাঠামো উন্নয়ন ও আইসিটি ব্যবস্থাপনা আধিশাখা  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫  
www.dae.gov.bd



কৃষিই সমৃদ্ধি

জরুরি

স্মারক নম্বর: ১২.০১.০০০০.০০০.৩২.০০৩.১৮.৪৪

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪২৮

২৭ মে ২০২১

বিষয়: কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অধীনস্থ ওয়েব পোর্টাল আপডেটকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, গত মার্চ ২০২১ মাস থেকে মে ২০২১ পর্যন্ত নিম্নস্বাক্ষরকারী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপজেলা/জেলা ও অঞ্চলের ওয়েব পোর্টালটি তথ্যবহুল ও আপডেটকরণে বেশ কিছু তথ্য (ডিএই এর কৃষি সেবার তালিকা, সিটিজেন চার্টার, ফটোগ্যালারি, মৌলিক তথ্যাবলী) প্রস্তুত করে (নমুনা) ইতিমধ্যে জেলা ও উপজেলায় প্রেরণ করা হয়েছে। কিন্তু জেলা ও উপজেলার ওয়েব পোর্টাল যাচাই করে দেখা যাচ্ছে যে, অধিকাংশ জেলা ও উপজেলায় তা তাদের ওয়েব পোর্টালে সন্নিবেশ করেনি যা অত্যন্ত দুঃখজনক। এ বিষয়ে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অধিকাংশ জেলা, উপজেলা ও অঞ্চলের প্রধানগণের সাথে টেলিফোনে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে অনুরোধ করা সত্বেও তেমন কোন অগ্রগতি লক্ষ্য করা যাচ্ছে না। ফলে তথ্য প্রযুক্তির যুগে সরকারের ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর পিছিয়ে পড়ছে – যা কোনভাবেই কাম্য নয়।

এ বিষয়ে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় বিশেষভাবে অনুরোধ করা হল।

অন্যথায় কর্তব্যে অবহেলার জন্য মহাপরিচালক মহোদয়কে অবহিত করা হবে।

২৭-৫-২০২১

মোঃ আবুল কাশেম

অতিরিক্ত পরিচালক

ফোন: ৫৫০২৮৭২৪

ইমেইল: adpidict@dae.gov.bd

বিতরণ :

- ১) অতিরিক্ত পরিচালক (সকল অঞ্চল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ২) অধ্যক্ষ (সকল), কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট।
- ৩) উপপরিচালক (সকল জেলা), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ৪) উপপরিচালক, হটিকালচার সেন্টার (সকল)
- ৫) উপজেলা কৃষি অফিসার (সকল)।
- ৬) উদ্যানতত্ত্ববিদ, হটিকালচার সেন্টার (সকল)
- ৭) নার্সারী তত্ত্বাবধায়ক, হটিকালচার সেন্টার (সকল)

স্মারক নম্বর: ১২.০১.০০০০.০০০.৩২.০০৩.১৮.৪৪/১(৮)

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪২৮

২৭ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

২৭-৫-২০২১

মোঃ আবুল কাশেম

অতিরিক্ত পরিচালক